

Published on March 17, 2020 page 20

Karmasangsthan Bank signs deal with DYD

A Memorandum of Understanding (MoU) was signed between Karmasangsthan Bank and Department of Youth Development (DYD) at the conference room of Ministry of Youth and Sports in the city on Monday, said a statement.

Its main purpose is to provide loans for selfemployment of DYDtrained entrepreneurs under the Bangabandhu JuboRin (Bangabandhu Youth Loan) program in Mujib Year.

Managing Director of the bank Md. Tajul Islam and Director General of Department of Youth Development Akhtaruz Zaman Khan Kabir signed the MoU on behalf of their respective organisations.

Md. Tajul Islam, Managing Director of Karmasangsthan Bank, and Akhtaruz Zaman Khan Kabir, Director General of Department of Youth Development, signing A Memorandum of Understanding (MoU) on behalf of their respective organisations at the conference room of Ministry of Youth and Sports in the city on Monday.

State Minister, Ministry of Youth and Sports Md. Zahid Ahsan Russel MP was present as chief guest while Secretary of Ministry of Youth and Sports Md. Akhtar Hossain was present as special guest in the function. Chairman of the board of directors of the bank and former secretary of Bangladesh government Kaniz Fatema NDC, Additional Secretary and Joint Secretary of Department of Youth Development, Additional Secretary and Joint Secretary of Financial Institutions Division, Deputy Managing Director Md. Adbul Mannan were present in the programme.



প্রকাশের তারিখ ১৭ মার্চ ২০২০, পৃষ্ঠা নং ০৭



কর্মসংস্থান ব্যাংকের সমঝোতা স্মারক

কর্মসংস্থান ব্যাংক এবং যুব উন্নয়ন অধিদপ্তর এর মধ্যে গতকাল যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভা কক্ষে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এর প্রধান উদ্দেশ্য হল মুজিববর্ষে যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যোগ্য উদ্যোক্তাদের আত্মকর্মসংস্থানের জন্য 'বঙ্গবন্ধু যুব ঋণ' কর্মসূচির আওতায় ঋণ প্রদান করা। কর্মসংস্থানের জন্য 'বঙ্গবন্ধু যুব ঋণ' কর্মসূচির আওতায় ঋণ প্রদান করা। কর্মসংস্থানে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. তাজুল ইসলাম এবং যুব উন্নয়ন অধিদপ্তর এর মহাপরিচালক আখতারুজ জামান খান কবির নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. জাহিদ আহসান রাসেল এমপি প্রধান অতিথি এবং যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের সচিব মো. আখতার হোসেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। **বিজ্ঞপ্তি।**



Published on March 18, 2020 page B4



Karmasangsthan Bank managing director Md Tajul Islam and Department of Youth Development director general Akhtaruz Zaman Khan Kabir sign a memorandum of understanding on behalf of their respective organisations at the youth and sports ministry in Dhaka on Monday. Under the deal, the bank will prove loans for self-employment to entrepreneurs trained by the department under the bank's Bangabandhu Youth Loan scheme, launched on the occasion of the Mujib Year. State minister for youth and sports Md Zahid Ahsan Russel was present as the chief guest at the signing, also attended by ministry secretary Md Akhtar Hossain, bank's chairman Kaniz Fatema and deputy managing director Md Adbul Mannan and senior officials from the department and the Financial Institutions Division were present at the programme. — New Age photo



on March 18, 2020

Karmasangsthan Bank 2 4 22 200 505 आज में रह राजि R 448 155

Business Desk

A Memorandum of Understanding (MoU) was signed between Karmasangsthan Bank and Department. of Youth Development (DYD) on March16, 2020 at the conference room. of Ministry of Youth and Sports in Honorable State Minister, Ministry of Dhaka. Its main purpose is to provide loans for self-employment of DYDtrained entrepreneurs under the Ban abandhu Jubo Rin (Bangabandhu

Youth Loan) program in Mujib Year. Managing director of the bank Mr. Md. Tajul Islam and Director General of Department of Youth Development Mr. Akhtaruz Zaman Khan Kabir signed the MoU on behalf of their respective organisations. Youth and Sports Mr. Md. Zahid Ahsan Russel·MP was present as chief guest while Secretary of Ministry of Youth

was present as special guest in the function. Chairman of the board of directors of the Bank and former secretary of Bangladesh government Mrs Kaniz Fatema NDC, Additiona Secretary and Joint Secretary o Department of Youth Development Additional Secretary and Join Secretary of Financial Institution Division, Deputy Managing Directo Mr. Md. Adbul Mannan were presen and Sports Mr. Md. Akhtar, Hossain in the program.

মুজিববর্ষে দেওয়া হবে বঙ্গবন্ধু যুবঋণ সচিবালয় প্রতিবেদক : রাইজিংবিডি ডট কম প্রকাশ: ২০২০-০৩-১৭ ১০:৫৯:১০ এএম <u>#মুজিববর্ষ #বঙ্গবন্ধু #যুবঋণ</u>



মুজিববর্ষ উপলক্ষে ছুই লাখ প্রশিক্ষিত যুবকদের 'বঙ্গবন্ধু যুবঋণ' দেওয়া হবে বলে জানিয়েছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. জাহিদ আহসান রাসেল।

সোমবার (১৬ মার্চ) সচিবালয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে যুব উন্নয়ন অধিদপ্তর ও কর্মসংস্থান ব্যাংকের মধ্যে এক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়।

যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আখতারুজ্জামান খান কবির এবং কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. তাজুল ইসলাম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. জাহিদ আহসান রাসেল। বিশেষ অতিথি ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মো. আখতার হোসেন। এছাড়া, অনুষ্ঠানে মন্ত্রণালয় ও অধিদপ্তরের সিনিয়র কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

যুব ও ক্রীড়ামন্ত্রী বলেন, 'মুজিববর্ষকে স্মরণীয় করে রাখতে ও প্রশিক্ষিত যুবসমাজের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বঙ্গবন্ধু যুবঋণ চালু করা হয়েছে। দেশের মোট জনসংখ্যার প্রায় এক তৃতীয়াংশ যুব শক্তিকে কাজে লাগিয়ে দেশের বেকারত্ব কমানো সম্ভব। দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অব্যাহত রাখার লক্ষ্যে স্বল্পসুদে যুবকদের ঋণ দেওয়া হবে। মুজিববর্ষে এ ঋণ কর্মসূচির আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত মোট ২ লাখ (২০২০ সালে ১ লাখ এবং ২০২১ সালে ১ লাখ) বেকার যুবকদের স্বল্প সুদে ও সহজ শর্তে জামানতবিহীন ঋণ দেওয়ার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।'

তিনি আরো বলেন, 'বঙ্গবন্ধু যুবঋণ' নীতিমালা অনুযায়ী যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষিত যুবকদের যোগ্য উদ্যোক্তার অগ্রাধিকার ভিত্তিতে ঋণ দেওয়া হবে। এ ঋণের পরিমাণ হবে ন্যূনতম ২০ হাজার টাকা থেকে ৫ লাখ টাকা। ঋণ পরিশোধের মেয়াদ সর্বোচ্চ পাঁচ বছর।'

কর্মসংস্থান ব্যাংকের সমঝোতা স্মারক

সান বিডি ডেস্ক || প্রকাশ: ২০২০-০৩-১৬ ১৮:৩২:৫৯ || আপডেট: ২০২০-০৩-১৬ ১৮:৩২:৫৯



কর্মসংস্থান ব্যাংক এবং যুব উন্নয়ন অধিদপ্তর এর মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের সভা কক্ষে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

সোমবার (১৬ মার্চ) যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের সভা কক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

এর প্রধান উদ্দেশ্য হল মুজিব বর্ষে যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত যোগ্য উদ্যোক্তাদের আত্নকর্মসংস্থানের জন্য 'বঙ্গাবন্ধু যুব ঋণ' কর্মসূচির আওতায় ঋণ প্রদান করা।কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক তাজুল ইসলাম এবং যুব উন্নয়ন অধিদপ্তর এর মহাপরিচালক আখতারুজজামান খান কবির নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের প্রতি মন্ত্রী জাহিদ আহসান রাসেল এম পি প্রধান অতিথি এবং যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের সচিব আখতার হোসেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের চেয়ারম্যান ও সরকারের সাবেক সচিব কানিজ ফাতেমা এনডিসি, যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, যুব উন্নয়ন অধিদপ্তরের যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব,যুগ্মসচিব,ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক আব্দুল মান্নান সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সানবিডি/ঢাকা/এসআই



প্রকাশের তারিখ ২১ মার্চ ২০২০, পৃষ্ঠা নং ১১ (অর্থ-বাণিজ্য)

দেশের দুই লাখ বেকার পাবেন জামানতবিহীন ঋণ

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

মুজিব বর্ষে ২ লাখ বেকার যুবককে ৯ শতাংশ সরল সুদে ২০ হাজার থেকে ৫ লাখ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হবে। ঋণের নাম, 'বঙ্গবন্ধু যুব ঋণ'। অগ্রাধিকার ভিত্তিতে এ ঋণ পাবেন যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণপ্রাপ্ত বেকার যুবক ও যুব নারী। পাঁচ বছর মেয়াদি এ ঋণের বিপরীতে কোনো জামানতও দিতে হবে না তাঁদের।

রাষ্ট্রমালিকানাধীন কর্মসংস্থান ব্যাংক এবং যুব উন্নয়ন অধিদপ্তরের মধ্যে গত সোমবার এ ব্যাপারে সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়েছে। এতে স্বাক্ষর করেন কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মো. তাজুল ইসলাম এবং যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (ডিজি) আখতারুজ্জামান খান কবির।

কর্মসংস্থান ব্যাংক গত জানুয়ারিতে যে 'বঙ্গবন্ধু যুব ঋণ নীতিমালা' জারি করে, সে নীতিমালা অনুযায়ীই ঋণ দেওয়া হবে। তবে জামানত না লাগলেও ঋণ পেতে গেলে ঋণগ্রহীতার পক্ষে জামিনদার (গ্যারান্টার) থাকা বাধ্যতামূলক করা হয়েছে নীতিমালায়। মা, বাবা, স্বামী, স্ত্রী বা তৃতীয় কোনো ব্যক্তি হতে পারেন জামিনদার। এমন ব্যক্তিকেই জামিনদার করতে হবে, যাঁর ঋণ পরিশোধের সক্ষমতা আছে।

মোট ঋণের ৩০ শতাংশ অগ্রাধিকার ভিত্তিতে দেওয়া হবে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের তালিকা থেকে। ঋণের কিন্তি পরিশোধ করা যাবে মাসিক, ত্রৈমাসিক, ষাথ্রাসিক বা বার্ষিক ভিত্তিতে।

জানা গেছে, ২০১৯ সালে এক লাখ এবং ২০২০ সালে এক লাখ বেকারকে ঋণ দেওয়া হবে। নীতিমালা হওয়ার পর থেকেই অবশ্য ঋণপ্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতা নিয়ে প্রশ্ন ওঠে এবং কর্মসংস্থান ব্যাংকও বিষয়টি বুঝতে পারে। ১৫ মার্চ তাই নীতিমালা সংশোধনের মাধ্যমে কিছুটা শিথিল করা হয়।

অন্যতম সংশোধনীর মধ্যে রয়েছে ঋণপ্রাথীর শিক্ষাগত যোগ্যতা আগে ছিল কমপক্ষে অষ্টম শ্রেণি পাস, এখন করা হয়েছে কমপক্ষে পঞ্চম শ্রেণি পাস। আবার আগে ঋণপ্রাথীর বয়স ধরা হয়েছিল ১৮ থেকে ৩৪ বছর, এখন করা হয়েছে ১৮ থেকে ৩৫ এবং বিশেষ বিবেচনায় ৪০ বছর।

কর্মসংস্থান ব্যাংকের নিজস্ব তহবিল, অন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করা তহবিল এবং যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন স্থায়ী তহবিলের (এফডিআর) অর্থ দিয়েই ঋণ দেওয়া হবে বলে কর্মসংস্থান ব্যাংকের কর্মকর্তারা জানান।

এমওইউতে বলা হয়, কেউ খেলাপি হলে কর্মসংস্থান ব্যাংক এবং যুব উন্নয়ন অধিদপ্তর যৌথভাবে পদক্ষেপ গ্রহণ করবে। আর কর্মসংস্থান ব্যাংক ত্রৈমাসিক ভিত্তিতে ঋণগ্রহীতাদের বিবরণী যুব উন্নয়ন অধিদপ্তরকে জানাবে।